

উপপরিচালক



মোঃ ইউসুফ খান  
উপপরিচালক  
মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ  
ঢাকা।

জনাব মোঃ ইউসুফ খান এর জন্ম ১২ জানুয়ারী ১৯৬২ ময়মনসিংহ জেলায়। তিনি ময়মনসিংহ জেলার নাসিরাবাদ কলেজিয়েট স্কুল হতে এস.এস.সি. এবং আনন্দ মোহন মহাবিদ্যালয় হতে এইচ.এস.সি. সম্পন্ন করে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ হতে মাৎস্য বিজ্ঞান অনুষদ হতে স্নাতক (সম্মান) ডিগ্রি লাভ করেন।

তিনি ১৯৮৫ ব্যাচের বিসিএস (মৎস্য) ক্যাডারের সদস্য হিসেবে ১লা এপ্রিল ১৯৮৭ তারিখে সরকারি চাকুরিতে যোগদান করেন। চাকুরি জীবনে তিনি উপজেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সহকারী পরিচালক ও উপপ্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি মৎস্য অধিদপ্তরাধীন রংপুর বিভাগের অধীন বিরল উপজেলার উপজেলা মৎস্য কর্মকর্তা হিসেবে কর্ম জীবন শুরু করেন, এরই ধারাবাহিকতায় তিনি বগুড়া জেলার গাবতলী, কিশোরগঞ্জের নিকলী, ময়মনসিংহের মুক্তাগাছা ও ঈশ্বরগঞ্জ উপজেলায় উপজেলা মৎস্য কর্মকর্তা হিসেবে এবং সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা হিসেবে নেত্রকোনা জেলার মোহনগঞ্জ, ময়মনসিংহ জেলার ত্রিশাল, কিশোরগঞ্জ জেলার বাজিতপুরে দায়িত্ব পালন করেন। ২০০৭ সাল থেকে তিনি মৎস্য অধিদপ্তরের সহকারী পরিচালক ও পরবর্তীতে উপপ্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২০০৭ সাল থেকে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে ইনোভেশন এবং সেবা সহজিকরণের উপর কাজ করে যাচ্ছেন। তিনি গত ১ অক্টোবর ২০১৯ তারিখে মৎস্য অধিদপ্তরাধীন উপপরিচালক (মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ), ঢাকা এর দায়িত্ব পালন করছেন।

তিনি সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে ভারত, থাইল্যান্ড, সিংগাপুর, কাতার, ব্রাজিল পেরু ও সৌদি আরব ভ্রমণ করেছেন। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত। জুলেখা খাতুন তাঁর স্ত্রী। তাঁদের এক পুত্র ও দুই কন্যা সন্তান রয়েছে।